

প্রাথমিক তদন্ত রিপোর্ট  
বাউবির পাঠ্যবইয়ে ইতিহাস  
বিকৃতি উদ্দেশ্যমূলক

নিম্নের বার্তা পরিবেশক

উন্থিত বিশ্ববিদ্যালয়ের পাঠ্যবইয়ে মুক্তিযুদ্ধের ইতিহাস উদ্দেশ্য প্রয়োজনিতভাবে বিকৃত করা হয়েছে বলে তদন্ত কমিটির প্রাথমিক রিপোর্টে জানানো হয়েছে। সেই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব গভর্নর্স সভায় এ ঘটনার তীব্র নিন্দা ও দোষী ব্যক্তিদের পূর্ণাঙ্গ তদন্তের মাধ্যমে শাস্তি করে শান্তি প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়। গতকাল বাউবির বোর্ড অব গভর্নর্সের ১১৩তম সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে বাউবির সূত্রে জানা যায়।

উল্লেখ্য, বাউবির তিনটি পাঠ্যবইয়ে বাংলাদেশ ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত ও পরিবর্তিত অবস্থায় শিক্ষার্থীদের কাছে বিতরণ করা হয়। এ বিষয় প্রকৃত ঘটনা জানাতে অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ কুইয়াকে প্রধান করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি গতকাল বোর্ড অব গভর্নর্স সভায় রিপোর্ট উপস্থাপন করে।